দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ২

01

**কম্পিউটার পদ্ধতির জটিলতার জন্য বিলম্ব**

# চলতি মাসের শেষ সপ্তাহে যে কোন দিন এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ হতে পারে

**জনকণ্ঠ রিপোর্ট**

চলতি মাসের তৃতীয় সপ্তাহের আগে এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের কোন সম্ভাবনা নেই। কম্পিউটার পদ্ধতির জটিলতায় এই বিলম্ব ঘটছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

এইচএসসি পরীক্ষা শেষ হয় সেপ্টেম্বরের পাঁচ তারিখে। নিয়ম অনুযায়ী পরীক্ষা শেষ হবার ৪০ দিনের মধ্যে ফল প্রকাশের কথা। গতকাল শনিবার ৯০ দিন শেষ হয়ে গেছে। কিন্তু কোন বোর্ডই ফল প্রকাশ করতে পারেনি।

এদিকে তিন মাসেও ফল প্রকাশিত না হওয়ায় পরীক্ষা দানকারী ছাত্র-ছাত্রী এবং অভিভাবক-অভিভাবিকাদের উৎকণ্ঠিত সময় কাটছে।

শনিবার রাতে বিষয়টির প্রতি টেলিফোনে ঢাকা বোর্ডের একজন উর্ধতন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি নব্বই দিনের মধ্যে ফল প্রকাশের বিধানের কথা স্বীকার করেন। তিনি বলেন, থিউরিটিক্যাল পরীক্ষার সময় ধরলে নব্বই দিন হয়ে গেছে। কিন্তু প্রাকটিক্যাল পরীক্ষা ধরলে এখনও কয়েকদিন সময় হাতে আছে। যত তাড়াতাড়ি সম্ভব আমরা ফল প্রকাশের

(শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

## চলতি মাসের

(প্রথম পাতার পর)

চেষ্টা করছি।

কবে নাগাদ প্রকাশ পেতে পারে তার আভাস দিতে বললে উক্ত কর্মকর্তা বলেন, বিষয়টি কনফিডেন্সিয়াল। চলতি মাসের তৃতীয় সপ্তাহের কোন এক সময় হবে। ১৬ থেকে ২২ ডিসেম্বরের মধ্যে হতে পারে। চারটি বোর্ডের ফল এক সাথে প্রকাশিত হবে এবং প্রকাশের কমপক্ষে তিনদিন আগে পত্রিকাগুলোকে জানিয়ে দেয়া হবে।

অপর একটি সূত্রে জানা যায়, ঢাকা বোর্ডের খাতা দেখা হয়ে গেছে অনেক আগেই। কিন্তু খাতা পূরণে ত্রুটির কারণে অনেক খাতা কম্পিউটার গ্রহণ করতে পারছে না। সেসব খাতা সংশোধন এবং পুনঃ পরীক্ষা নিরীক্ষায় সময় লাগছে।